

Prime Minister to leave tonight for Tokyo to participate in state funeral of former Japanese PM, Shinzo Abe

September 26, 2022

জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবের রাষ্ট্রীয় মর্যাদায়
অনুষ্ঠিতব্য শেষকৃত্য অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী আজ রাতে
টোকিওর উদ্দেশে রওনা হবেন

সেপ্টেম্বর 26, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবের রাষ্ট্রীয় মর্যাদায় হতে যাওয়া শেষকৃত্য অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আজ রাতে টোকিওর উদ্দেশে রওনা হবেন।

কয়েকটি টুইট বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

“আমার প্রিয় বন্ধু এবং ভারত-জাপান মৈত্রী সম্পর্কের এক মহান কারিগর জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবের রাষ্ট্রীয় মর্যাদায় হতে যাওয়া শেষকৃত্য অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আজ রাতে টোকিওর উদ্দেশে যাত্রা করবো।”

“সকল ভারতবাসীর পক্ষ থেকে আমি প্রধানমন্ত্রী কিশিদা এবং শ্রীমতী আবের-কে আন্তরিক সমবেদনা জানাবো। শ্রী আবের-র প্রদর্শিত পথে ভারত-জাপান দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করে তুলতে আমরা একযোগে কাজ করবো।”

নতুন দিল্লী

সেপ্টেম্বর 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.